“তাকে লা’নত করো না। আল্লাহর কসম! আমি জানি যে, সে আল্লাহ্ এবং তাঁর রাসূলকে ভালবাসে”।

‘উমার ইবনুল খত্তাব রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে এক লোক যার নাম ছিল ’আবদুল্লাহ্ আর ডাকনাম ছিল হিমার। এ লোকটি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে হাসাত। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শরাব পান করার অপরাধে তাকে বেত্রাঘাত করেছিলেন। একদিন তাকে নেশাগ্রস্ত অবস্থায় আনা হল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে চাবুক মারার আদেশ দিলেন। তাকে চাবুক মারা হল। তখন দলের মাঝ থেকে এক লোক বলল, হে আল্লাহ্! তার উপর লা’নত বর্ষণ করুন! নেশাগ্রস্ত অবস্থায় তাকে কতবার যে
আনা হল! তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ “তাকে লা’নত করো না।
আল্লাহর কসম! আমি জানি যে, সে আল্লাহ্ এবং তাঁর রাসূলকে ভালবাসে”।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর যুগে একজন ব্যক্তি ছিলেন, যার নাম ছিল আবদুল্লাহ। তাঁকে “হিমার” (গাধা) নামে ডাকত লোকে। তিনি মাঝে মাঝে এমন কথা বলতেন, যা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-কে হাসাতো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে মদ পান করার কারণে বেত্রাঘাত করেছেন। একদিন তাকে মদ্যপ অবস্থায় ধরে আনা হয়, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার ব্যাপারে নির্দেশ দেন, ফলে তাকে বেত্রাঘাত করা হয়। তখন উপস্থিতদের একজন তাকে গালি দিয়ে বলল: আল্লাহ তাকে লানত করুন! কতবারই না তাকে মদ পান করা অবস্থায় আনা হয়েছে?! তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: তোমরা তাকে আল্লাহর রহমত থেকে বিতাড়িত হওয়ার বদদোয়া করো না। আল্লাহর কসম! আমি তো তাকে এমনই জানি যে, সে আল্লাহ ও তাঁর রাসূলকে ভালোবাসে।

http://sunnah.global/hadeeth/bn/show/66214